

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd



নথি নং-০৮.০১.০০০০.০৭৫.০১০.০১০.১৯ (অংশ-১)

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জুলাই ও আগস্ট ২০২৬ কর মেয়াদের অনলাইন ভ্যাট রিটার্ন eVAT সিস্টেমে দাখিলের সময়সীমা বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বাজেট ২০২৬-২৭ এ ভ্যাট রিটার্ন সংক্রান্ত সংশোধিত বিধান অনুযায়ী প্রতি তিন কর মেয়াদ সমাপ্তি পরবর্তীতে রিটার্ন দাখিলের সুযোগ থাকায় বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক eVAT সিস্টেমে জুলাই ও আগস্ট, ২০২৬ কর মেয়াদের ভ্যাট রিটার্ন দাখিল করা হয়নি।

০২। এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠান জুলাই ও আগস্ট ২০২৬ কর মেয়াদের রিটার্ন ইতোমধ্যে eVAT সিস্টেমে দাখিল করেনি, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬৪ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সে সকল প্রতিষ্ঠানের জুলাই ও আগস্ট ২০২৬ কর মেয়াদের অনলাইন রিটার্ন eVAT সিস্টেমে দাখিলের সময়সীমা আগামী ১৫ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এক্ষেত্রে জরিমানা আরোপ হবে না। প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর ২০২৬ কর মেয়াদের রিটার্ন অবশ্যই eVAT সিস্টেমে দাখিল করতে হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বা:

শেখ মোঃ মাসুদুর রহমান
দ্বিতীয় সচিব

মুসক: মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয়
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং-০৮.০১.০০০০.০৭৫.০১০.০১০.১৯(অংশ-১) তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য, ভ্যাট: বাস্তবায়ন ও আইটি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। সদস্য, ভ্যাট নিরীক্ষা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪। প্রথম সচিব, ভ্যাট: পরিবীক্ষণ ও করদাতা সেবা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৫। প্রথম সচিব, ভ্যাট বাস্তবায়ন: পণ্য ও সেবা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০১/১০/২০২৬

শেখ মোঃ মাসুদুর রহমান
দ্বিতীয় সচিব